

📖 সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪১৬৮

২৮/ কসম (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১০. নিজে যা খাবে ও পরবে দাস-দাসীকেও তা খেতে ও পরতে দেয়া এবং তাদের সাধ্যাতিত কাজের ভার না দেয়া

باب إِطْعَامِ الْمَمْلُوكِ مِمَّا يَأْكُلُ وَالْبَاسِ مِمَّا يَلْبَسُ وَلَا يُكَلِّفُهُ مَا يَغْلِبُهُ

আরবী

وَحَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ، كُلُّهُمْ عَنِ الْأَعْمَشِ، بِهَذَا الْإِسْنَادِ وَزَادَ فِي حَدِيثِ زُهَيْرٍ وَأَبِي مُعَاوِيَةَ بَعْدَ قَوْلِهِ "إِنَّكَ أَمْرٌ فِيكَ جَاهِلِيَّةٌ". قَالَ قُلْتُ عَلَى حَالِ سَاعَتِي مِنَ الْكِبَرِ قَالَ "نَعَمْ". وَفِي رِوَايَةِ أَبِي مُعَاوِيَةَ "نَعَمْ عَلَى حَالِ سَاعَتِكَ مِنَ الْكِبَرِ". وَفِي حَدِيثِ عِيسَى "فَإِنْ كَلَّفَهُ مَا يَغْلِبُهُ فَلْيَبِعْهُ". وَفِي حَدِيثِ زُهَيْرٍ "فَلْيُعِنْهُ عَلَيْهِ". وَلَيْسَ فِي حَدِيثِ أَبِي مُعَاوِيَةَ "فَلْيَبِعْهُ". وَلَا "فَلْيُعِنْهُ". انْتَهَى عِنْدَ قَوْلِهِ "وَلَا يُكَلِّفُهُ مَا يَغْلِبُهُ".

বাংলা

৪১৬৮। আহমাদ ইবনু ইউনুস, আবু কুরায়ব ও ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) ... সকলেই আ'মাশ (রহঃ) ... থেকে এই একই সূত্রে উল্লেখিত হাদীস বর্ণনা করেছেন। আর তিনি যুহায়র ও আবু মুয়াবিয়া (রাঃ) থেকে বর্ণিত হাদীসে "তোমার মধ্যে অজ্ঞতা যুগের কর্মকাণ্ড বিদ্যমান" এই কথার পর কিছু অতিরিক্ত সংযোগ করেছেন। তিনি বলেন, আমি বললাম, তা কি আমার বৃদ্ধ বয়সেও? তিনি বলেন, হ্যাঁ। আর আবু মুয়াবিয়ার বর্ণনায় আছে- হ্যাঁ, তোমার এ বৃদ্ধ বয়সেও।

আর ঈসা (রহঃ) এর হাদীসে আছে, যদি সে তাকে সাধ্যাতিত কোন কাজ চাপিয়ে দেয়, যা সে করতে অক্ষম, তবে তাকে বিক্রি করে দেবে। আর যুহায়র (রহঃ) এর হাদীসে আছে "তবে সে তাকে সাহায্যও করবে"। আবু মুয়াবিয়ার (রাঃ) হাদীসে "সে তাকে বিক্রি করে দিবে" অথবা "সাহায্য করবে" কোন কথার উল্লেখ নেই। "তুমি তাকে এমন কাজের ভার চাপিয়ে দিও না, যা করতে সে অক্ষম" একথা পর্যন্তই হাদীস শেষ করা হয়েছে।

English

This hadith has been narrated on the authority of A'mash but with a slight variation of words, e. g. in the hadith transmitted on the authority of Zuhair and Abu Mu'awiya after his words (these words of the Holy Prophet):
" You are a person having the remnants of Ignorance in him." (these words also occur, that Abu Dharr) said: Even up to this time of my old age? He (the Holy Prophet) said: Yes. In the tradition transmitted on the authority of Abu Mu'awiya (the words are):" Yes, in this time of your old age." In the tradition transmitted on the authority of 'Isa (the words are):" If you burden him (with an unbearable burden), you should sell him (and get another slave who can easily undertake this burden)." In the hadith transmitted on the authority of Zuhair (the words are):" Help him in that (work)." In the hadith transmitted by Abu Mu'awiya (separately) there is no such word: Then sell him or help him." This hadith concludes with these words:" Do not burden him beyond his capacity."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আ'মশ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=13779>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন